

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৯১

৩৬/ ফিতনা (ﷺ کتاب الفتن عن رسول الله) পরিচ্ছেদঃ মারিকা বা খারিজীদের বিবরণ।

باب في صفة المارقة

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، مُحَمَّدُ بْنُ الْعَلاَءِ حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ، عَنْ عَاصِمٍ، عَنْ زِرٍّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُود، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "يَخْرُجُ فِي آخِرِ الزَّمَانِ قَوْمٌ أَحْدَاثُ الأَسْنَانِ سُفَهَاءُ الأَحْلاَمِ يَقْرَءُونَ الْقُرْآنَ لاَ يُجَاوِزُ تَرَاقِيَهُمْ يَقُولُونَ مِنْ قَوْلِ خَيْرِ الْبَرِيَّةِ يَمْرُقُونَ مِنَ الدِّينِ كَمَا يَمْرُقُ السَّهْمُ مِنَ الرَّمِيَّةِ ". قَالَ أَبُو عِيسَى وَفِي خَيْرِ الْبَابِ عَنْ عَلِيِّ وَأَبِي سَعِيدٍ وَأَبِي نَرٍ . وَهَذَا حَديثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُويِيَ فِي غَيْرِ الْبَابِ عَنْ عَلِي وَأَبِي سَعِيدٍ وَأَبِي نَرٍ . وَهَذَا حَديثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُويِيَ فِي غَيْرِ الْبَابِ عَنْ عَلِي وَلَّهِ الله عليه وسلم حَيْثُ وَصَفَ هَوُّلاءِ الْقَوْمَ الَّذِينَ يَقْرَءُونَ الْقُرْآنَ لاَ يُجَاوِزُ تَرَاقِيَهُمْ يَمْرُقُونَ مِنَ الدِّينِ كَمَا يَمْرُقُ السَّهْمُ مِنَ الرَّمِيَّةِ إِنَّمَا هُمُ الْخُوارِجُ وَالْحَرُورِيَّةُ وَغَيْرُهُمْ مِنَ الْخَوَارِجُ وَالْحَرُورِيَّةُ وَغَيْرُهُمْ مِنَ الْخَوَارِجِ .

বাংলা

২১৯১. আবূ কুরায়ব (রহঃ) আবদুল্লাহ রাদিয়াল্লাভ্ আনভ্ থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেন, শেষ যামানায় এক সম্প্রদায় বের হবে যারা বয়সে হবে নবীন, জ্ঞান-বুদ্ধিতে হবে কাঁচা ও নির্বোধ তারা কুরআন পাঠ করবে কিন্তু তা তাদের কণ্ঠও অতিক্রম করবে না, তারা সৃষ্টির সেরা নবী সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম এর কথা বলবে কিন্তু দ্বীন থেকে এমনভাবে বের হয়ে যাবে যেমনভাবে তীর শিকারকে ছেদ করে বের হয়ে যায়। হাসান, ইবনু মাজাহ ১৬৮, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২১৮৮ আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে আলী, আবূ সাঈদ এবং আবূ যারর রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্নিত আছে।

তাদের পরিচয় বর্ণনা করতে যেয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে যে, তারা কুরআন পড়বে কিন্তু তা তাদের কণ্ঠও অতিক্রম করবে না, দ্বীন থেকে এমনভাবে বের হয়ে যাবে যেমনভাবে তীর শিকারকে ছেদ করে বের হয়ে যায়-এদের সম্পর্কে অন্য রিওয়ায়াতে আছে যে এরা হল হারারী প্রমুখ খারিজী



সম্প্রদায়।

English

'Abdullah [bin Mas'ud] narrated that the Messenger of Allah (s.a.w) said:
"In the end of time there will come a people young in years, foolish in minds, reciting the Qur'an which will not go beyond their throats, uttering sayings from the best of creatures, going through the religion as an arrow goes through the target."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন